

## ■ সহীহ ইবনু হিব্রান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৭৬৭

১৩. কিতাবুল হজ (كتاب الحج)

পরিচেদঃ কেউ অসুস্থ থাকলে ইহরামের ক্ষেত্রে শর্ত করার নির্দেশ প্রসঙ্গে বর্ণনা

ذِكْرُ الْأَمْرِ بِالإِشْتِرَاطِ لِمَنْ أَرَادَ الْحَجَّ وَهُوَ شَاكِيٌّ

আরবী

3767 - أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ حَدَّثَنَا ابْنُ أَبِي السَّرِيرِيِّ حَدَّثَنَا شُعَيْبُ بْنُ إِسْحَاقَ حَدَّثَنَا ابْنُ جُرَيْجٍ أَخْبَرَنِي أَبُو الزُّبِيرِ أَنَّ طَاؤِسًا أَخْبَرَهُ عَنْ ابْنِ عَبَّاسٍ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ دَخَلَ عَلَى ضُبَاعَةَ وَهِيَ شَاكِيَّةٌ فَقَالَتْ: إِنِّي أُرِيدُ الْحَجَّ وَأَنَا شَاكِيَّةٌ فَقَالَ لَهَا: (حُجَّيٌّ وَاشْتَرطَيْ أَنَّ مَحْلِيَّ حَيْثُ حَبَستَنِي)

الراوي : ابن عباس | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات  
الحسان على صحيح ابن حبان  
الصفحة أو الرقم: 3767 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود))  
.م. (1557)

বাংলা

৩৭৬৭. ইবনু আব্বাস রাদিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, ‘আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যুবাআহ রাদিয়াল্লাহু আনহার কাছে আসেন, এসময় তিনি অসুস্থ ছিলেন। তখন যুবাআহ রাদিয়াল্লাহু আনহা বলেন, “নিশ্চয়ই আমি হজ করতে চাচ্ছ কিন্তু আমি তো অসুস্থ?” তখন আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে বলেন, “‘তুমি হজ করো এবং শর্ত করো যে, যেখানে সামনে অগ্রসর হতে পারবো না, সেখানেই আমি ইহরাম খুলে ফেলবো।’”[1]

ফুটনোট

[1] নাসাই: ৫/১৬৮; মুসনাদ আহমাদ: ১/২৩৫; সুনান বাইহাকী: ৫/২২১; তাবারানী: ১১/১২০২৩; দারেমী: ২/৩৪-৩৫; সহীহ মুসলিম: ১২০৮; আবু দাউদ: ১৭৭৬; তিরমিয়ী: ১৯১৪; ইবনুল জারাদ: ১৪১৫।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুল্লাহ আলবানী  
রহিমাহল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১৫৫৭)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=93104>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন